



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৬৬, ৫৫০৩০১১৩; হটলাইন: ১৬১১৯

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং- ৩৬.০৫.০০০০.৩০২.৫১.২৫৪.২৩

১৪৬৫

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস স্মারক

বিষয়: আমদানিকৃত পণ্যের বিল অব এন্ট্রি নং-১৫৬৯২২৬, তারিখ:০৯-১০-২৩ এবং বিল অব এন্ট্রি নং-১৬৪৬৩০৮, তারিখ:২৩-১০-২৩ এর অকৃতকার্য নমুনা ব্যতীত অন্য নমুনা উত্তোলনপূর্বক পরীক্ষা করে ছাড়পত্র প্রসঙ্গে।

সূত্র: ৩৬.০৫.২০০০.০০৩.৫২.৩২৬.২২.১৯১৭, তারিখ: ১২ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে জানানো যাচ্ছে যে, এন এফ ট্রেডিং, ৮০/১৩, ময়মনসিংহ রোড, কক্ষ নং# ০৩, বাংলামটর, ধানমন্ডি, ঢাকা নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত স্যানিটারিওয়্যার এ্যাপ্লায়েন্স (বেসিন) পণ্য বিএসটিআই বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ল্যাভে সংশ্লিষ্ট মান (বিডিএস ১১৬২) অনুযায়ী পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় ছাড়পত্র প্রদান প্রত্যাখ্যান করা হয়। এ প্রেক্ষিতে আমদানিকারক প্রতিষ্ঠান পুনরায় নমুনা সংগ্রহ করে পরীক্ষা করার জন্য মহাপরিচালক (গ্রেড-১), বিএসটিআই, ঢাকা বরাবর আবেদন করেন। সূত্রস্থ পত্র ও সংযুক্ত ডকুমেন্ট অনুযায়ী প্রতিষ্ঠানটির আমদানিকৃত পণ্যের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

আমদানিকৃত পণ্যের নাম ও ব্র্যান্ড	এলসি নং, তারিখ, বি/ই নং ও তারিখ	অকৃতকার্য পরীক্ষণ প্যারামিটার
স্যানিটারি ওয়্যার এ্যাপ্লায়েন্স (বেসিন) ব্র্যান্ড: LAUFEN	এলসি নং: ০৯২৩০১০২৩৩ তারিখ: ১৩-০৯-২০২৩ বি/ই নং: ৪২০৪২৯ তারিখ: ২৭-০২-২০২৪	RESISTANCE TO STAINING AND BURNING

আমদানিকারক প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে উপরোক্ত ছকে বর্ণিত চালানের অকৃতকার্য নমুনা ব্যতীত ভিন্ন নমুনা হতে পুনরায় নমুনা সংগ্রহের প্রস্তাব মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম অফিসের সিএম উইংয়ের সংশ্লিষ্ট সহকারী পরিচালকের নেতৃত্বে একজন ফিল্ড অফিসারসহ দুই সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট বন্দর হতে পুনরায় নমুনা সিল করে কমিটির তত্ত্বাবধানে নমুনা ল্যাবরেটরিতে জমাদান নিশ্চিত করতে হবে। পুনরায় সিলকৃত নমুনা সংশ্লিষ্ট মান অনুযায়ী সকল প্যারামিটার পুনঃপরীক্ষান্তে পরীক্ষণ প্রতিবেদনের ভিত্তিতে বিধি মোতাবেক ছাড়পত্র প্রদান বা প্রত্যাখ্যানের বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(মন্তোষ কুমার দাস)
সহকারী পরিচালক (সিএম)

বরাবর
পরিচালক
বিভাগীয় আঞ্চলিক অফিস, চট্টগ্রাম।

অনুলিপি:

১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, চট্টগ্রাম।

২। স্বত্বাধিকারী, এন এফ ট্রেডিং, ৮০/১৩, ময়মনসিংহ রোড, কক্ষ নং# ০৩, বাংলামটর, ধানমন্ডি, ঢাকা।